



# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

## ANSAR-VDP UNNAYAN BANK

কম্পিউটার উপ-বিভাগ

সূত্রঃ ২/২২/১৩৪/ ২৫০৮

তারিখঃ ২৩-০৯-২০১৯

অফিস আদেশ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ০৯ জুলাই ২০১৯ তারিখে প্রকাশিত বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (BNDA) নির্দেশিকার ৪.৪ অনুচ্ছেদ এবং জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা-২০১৯-২০ এ ৫.২ অনুচ্ছেদ অনুযায়ী একজন ফোকাল পয়েন্ট ও একজন বিকল্প ফোকাল পয়েন্ট থাকার নির্দেশনা রয়েছে। অত্র ব্যাংকের নিম্নোক্ত কর্মকর্তাদের বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (BNDA) এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট হিসেবে মনোনয়ন প্রদান করা হলো:

ক্রঃ	ফোকাল পয়েন্টের ধরন	কর্মকর্তার নাম	পদবী ও দপ্তর	যোগাযোগ
১	ফোকাল পয়েন্ট	মোহাম্মদ হাসান মাহমুদ	সিস্টেম এনালিস্ট কম্পিউটার উপ-বিভাগ প্রধান কার্যালয়, ঢাকা	মোবাইলঃ ০১৭১৬-০১৪৭৮৭ ফোনঃ ৫৮৩১৪২২৩ ই-মেইলঃ ict@ansarvdpbank.gov.bd
২	বিকল্প ফোকাল পয়েন্ট	তৌহিদ মোহাম্মদ শোয়েব	প্রোগ্রামার কম্পিউটার উপ-বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা	মোবাইলঃ ০১৭১৭-১৩৯২৮৭ ফোনঃ ৫৮৩১৪২২৩ ই-মেইলঃ avubcomputer@gmail.com


### ২। ফোকাল পয়েন্টের কার্যাবলীঃ

ফোকাল পয়েন্ট কর্মকর্তা “বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (BNDA)” অনুসরণক্রমে তাঁর প্রতিষ্ঠান/সংস্থার ডিজিটাল আর্কিটেকচার বাস্তবায়নে সচেষ্ট হবেন এবং এ সংক্রান্ত সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। এছাড়াও তিনি নিম্নোক্ত কার্যাবলী সম্পাদন করবেন:

- নিজ সংস্থার জন্য প্রস্তুতকৃত ডিজিটাল আর্কিটেকচার রক্ষণাবেক্ষণ, মানোন্নয়ন এবং তা চালু ও কার্যকর রাখতে প্রতিষ্ঠান/সংস্থা প্রধানের সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যাবলী সম্পাদন করা;
- তথ্যপ্রযুক্তি ব্যবস্থাপনার কর্মক্ষমতা নিরীক্ষণ, প্রয়োজ্য কর্মক্ষমতা পরিমাপের ভিত্তিতে কর্মদক্ষতা মূল্যায়ন এবং যে কোন আইসিটি ভিত্তিক উদ্যোগ অব্যাহত রাখা অথবা পরিবর্তন বা বন্ধ করা বিষয়ে প্রতিষ্ঠান/সংস্থা প্রধানকে পরামর্শ প্রদান করা;
- ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার বাস্তবায়ন কমিটি ও কারিগরী কমিটির সাথে লিয়াজো করা; এবং
- সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং দপ্তর/সংস্থার ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার বাস্তবায়নে কোন সমস্যা দেখা দিলে প্রতিষ্ঠান/সংস্থা প্রধানকে অবহিত করা এবং তা নিরসনে বাস্তবায়ন কমিটি ও কারিগরী কমিটির পরামর্শ গ্রহণক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে,

  
(মোহাম্মদ হাসান মাহমুদ)  
সিস্টেম এনালিস্ট  
ফোন: 58314223

বিতরণঃ সংশ্লিষ্ট কর্মকর্তা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। সকল উপ-বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। কম্পিউটার উপ-বিভাগ কর্তৃক অফিস আদেশটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, অঞ্চলাধীন শাখা সমূহে পত্রটি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। নথি।

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.  
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615  
www.ansarvdpbank.gov.bd E-mail: info@ansarvdpbank.gov.bd